বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক সংবাদ

তারিখ ... 25 DEC. 1988 ...
পৃষ্ঠা ... কলাম ... 2 ...

13

## প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ভাঙচুর ।। আজ থেকে আবার ধর্মঘট পালনের সিদ্ধান্ত

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

দুই দফা দাবী আদায়ের লক্ষ্যে দুই মাসেরও বেশী সময় ধরে আন্দোলনরত প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের একটি উত্তেজিত অংশ শুক্রবার গভীর রাতে ও গতকাল সকালে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ভবনের জানালা-দরজার কাঁচ ভাংচুর করে, ক্যাম্পাসের বিভিন্ন স্থানে ব্যারিকেড দেয়। ছাত্ররা আজ থেকে আবার অনির্দিষ্টকালের জন্য ক্লাস ও পরীক্ষা বর্জনের সিদ্ধান্ত নিয়েছে।

ছাত্রদের দাবীগুলো বিবেচনার জন্য গত বুধবার একাডেমিক কাউন্সিলের প্রতিশ্রুত সভাটি না হবার কারণে ছাত্ররা বিক্ষুব্ধ হয়ে উঠেছে এবং আবার ধর্মঘটে যাবার সিদ্ধান্ত নিয়েছে বলে জানা গেছে।

অন্যদিকে শিক্ষকরা অভি

(শেষ পৃ: ৪-এর ক: দ্র:)

### প্রকৌশল বিশ্ববিদ্যালয়

(১ম পাতার পর)

যোগ করেছেন যে, কিছুসংখ্যক ছাত্র শুক্রবার রাতে শিক্ষকদের বাসভবনে ইট-পাটকেল নিক্ষেপ এবং তাদের ও তাদের পরিবারবর্গকে উদ্দেশ করে অশালীন উক্তিও করেছে। এসব ছাত্রকে সনাক্ত করে দুই সপ্তাহের মধ্যে দৃষ্টান্তমূলক শাস্তি দেয়া না হলে শিক্ষকরা আগামী ৭ই জানুয়ারী থেকে ক্লাস নেয়া সহ সকল কার্যক্রম থেকে বিরত থাকবেন বলে শিক্ষক সমিতি গতকাল সিদ্ধান্ত দিয়েছে।

ক্লাস টেষ্ট প্রথা বাতিল ও বৃত্তির পরিমাণ বৃদ্ধির দাবীতে দীর্ঘদিন ধরে ক্লাস বর্জনের পর প্রশাসনের সাথে ছাত্রনেতাদের আলোচনার পরিপ্রেক্ষিতে ছাত্ররা গত সপ্তাহে ক্লাসে ফিরে গিয়েছিল। এই আলোচনাকালে প্রতিশ্রুতি দেয়া হয়েছিল যে, দাবীগুলো একাডেমিক কাউন্সিলের সভায় বিবেচনা করা হবে।

বাসস জানিয়েছে, গতকাল উপাচার্যের সাথে যোগাযোগ করা হলে তিনি জানান, আইনগত জটিলতার কারণে একাডেমিক কাউন্সিলের সভা হতে পারেনি এবং তা আগামী ৪ঠা জানুয়ারী অনুষ্ঠিত হবে। ছাত্রদের বিক্ষোভ প্রসঙ্গে তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের আইন অনুযায়ী তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।